তারিখ 16 MAY 2016
পৃষ্ঠা ৭ কলাম ৭

দৈনিক ইত্তেফাক


# এসএসসিতে জিপিএ-৪ অর্জন করেছে প্রতিবন্ধী আরিফা

■ লালমনিরহাট প্রতিনিধি

জন্ম থেকেই আরিফার দুটো হাত অচল। কিন্তু শারীরিক এই সীমাবদ্ধতা তাকে দমিয়ে রাখতে পারেনি। অদম্য ইচ্ছা ও মনোবল নিয়ে সে একে একে পার হয়ে যাচ্ছে সাফল্যের সিঁড়ি। পা দিয়ে লিখে লালমনিরহাট সদর উপজেলার ফুলগাছ উচ্চ বিদ্যালয়ের আরিফা খাতুন এবার এসএসসি পরীক্ষায় অংশ নিয়ে জিপিএ ৪.১১ পেয়েছে। সে মানবিক শাখা থেকে লালমনিরহাট সরকারি বালক উচ্চ বিদ্যালয় পরীক্ষা কেন্দ্রে শারীরিক প্রতিবন্ধী হিসেবে পরীক্ষায় অংশ নেয়। নিয়মানুযায়ী সে পরীক্ষা কেন্দ্রে অতিরিক্ত ২০ মিনিট সময় পেয়েছিল।

দারিদ্র্যের কষাঘাতে বেড়ে ওঠা আরিফা খাতুনের এসব অর্জন তার কঠিন জীবন সংগ্রামের কথাই বলে। সদর উপজেলার খোড়ারপুল শাহীটারী এলাকার বাসিন্দা আব্দুল আলী তার মেয়েকে পড়াশুনা করাচ্ছেন অতিকষ্টে। পাঁচ ভাইবোনের মধ্যে সবার ছোট আরিফা পড়াশুনায় মেধাবী হিসেবে সবার কাছে পরিচিত। তার বাবা আব্দুল আলী একজন তালা-চাবি মিস্ত্রি আর মা মমতাজ বেগম গৃহিণী। ফলাফল নিয়ে কথা বললে আরিফা জানান, ইচ্ছে থাকলেও আমার মতো দরিদ্র পরিবারের মেয়েরা বেশি দূর লেখাপড়া করতে পারে না। তারপরও স্বপ্ন দেখছি অনেক দূর যাবার।'

ফুলগাছ উচ্চ বিদ্যালয়ের প্রধান শিক্ষক শাহজাহান আলী জানান, শারীরিক প্রতিবন্ধী আরিফা খাতুন অদম্য ইচ্ছা থেকেই আজ কৃতিত্বের সাথে এসএসসি পরীক্ষায় পাস করেছে। তিনি বিশ্বাস করেন, দারিদ্র্য ও প্রতিবন্ধী জীবনকে জয় করে আরিফা একদিন তার স্বপ্নকে বাস্তবে রূপ দিতে পারবে।



লালমনিরহাট : মা মমতাজ বেগমের সাথে প্রতিবন্ধী আরিফা — ইত্তেফাক